

**জ্ঞানমূলক প্রশ্ন:**

১. বর্তমানে আমাদের প্রধান জাতীয় উৎসব কোনটি?
২. নবাহু উৎসব বাংলা কোন মাসে হয়ে থাকে?
৩. চট্টগ্রামের লালদিঘি ময়দানে অনুষ্ঠিত খেলাটির নাম কি?
৪. ১৯৫৪ সালে যুক্তফ্রন্টের সরকার গঠিত হলে শেরে বাংলা এ.কে ফজলুল হক কী হন?
৫. বাংলা নববর্ষকে সরকারি ছুটি ঘোষণা করেন কোন নেতার সরকার?
৬. বাংলা নববর্ষের আরেকটি প্রধান অনুষ্ঠান কী?
৭. বাংলাদশের বিভিন্ন স্থানে বৈশাখের কততম দিনে বার্ষিক মেলা বসে?
৮. বাংলা নববর্ষের প্রথম ছুটির প্রচলন হয় কত সালে?
৯. মহামুনির বৌদ্ধপূর্ণিমা মেলা হয় কোথায়?
১০. বলী খেলার প্রচলন হয় কত সালে?
১১. 'সন' কথাটি কী?
১২. পয়লা বৈশাখের দ্বিতীয় বৃহস্পতি অনুষ্ঠান কী?
১৩. নেকমরদের মেলা অনুষ্ঠিত হয় কোথায়?
১৪. 'কীর্তন; অর্থ কী?
১৫. 'বাংলা নববর্ষ' পাঠের মাধ্যমে শিক্ষার্থীরা কী জানতে পারবে?

**সৃজনশীল প্রশ্ন:**

বান্দরবান, রাঙামাটি ও খাগড়াছড়িতে মারমা জনগোষ্ঠীর বাস। মারমাদের নিজস্ব ভাষা ও ঐতিহ্য আছে। তারা এসব ঐতিহ্যগুলোকে নিজস্ব সংস্কৃতির আচার-অনুষ্ঠানের মধ্য দিয়েই পালন করে। মারমাদের সবচেয়ে বড় উৎসব হচ্ছে নববর্ষ উৎসব। দিনব্যাপী এ অনুষ্ঠানে তারা নেচে গেয়ে আনন্দে মাতিয়ে রাখে সবাইকে। নিজস্ব পোশাক ও নৃত্যকলার প্রদর্শনই যেন তাদের নববর্ষ উৎসব। বাঙালিরা তাদের এ উৎসব সমান আগ্রহ নিয়ে উপভোগ করে থাকে।

- ক) শামসুজ্জামান খান কোথায় জন্মগ্রহণ করেন?  
খ) 'বাংলা নববর্ষ' আমাদের প্রধান জাতীয় উৎসব কেন?  
গ) 'বাংলা নববর্ষ' প্রবন্ধে বাঙালি ও উদ্দীপকে মারমাদের নববর্ষ পালনের পদ্ধতির যে বৈসাদৃশ্য লক্ষ করা যায় তার তুলনামূলক আলোচনা কর।  
ঘ) 'শুধু বাঙালি নয় সকল শ্রেণির মানুষ নববর্ষ উৎসবকে প্রাণে ধারণ করেছে'-উদ্দীপক ও 'বাংলা নববর্ষ' প্রবন্ধের আলোকে বিশ্লেষণ কর।